আমরা ভবিষ্যত তৈরি করছি আজ

PS230
BROOKLYN

ফ্যামেলি হ্যান্ডবুক

2019-2020

www.ps230.org

আপার স্কুল
1 Albemarle Road
Brooklyn, NY 11218
(718) 437-6135

লোয়ার স্কুল
425 McDonald Avenue
Brooklyn, NY 11218
(718) 330-9212

বিষয়সূচি

প্রিন্সিপ্যালের বার্তা 3
উদ্দেশ্য সম্পর্কিত বিবৃতি 3
স্কুলের মানদণ্ডসমূহ 3
স্কুলের সময়সূচি 3
আগমন/ছুটির প্রক্রিয়া........ 4
ব্লু কার্ড ও পারপল রিলিজ ফরম........ 5
অনুপস্থিতি ও বিলম্বিত হওয়া........ 5
অসুস্থতা 6
ওষুধ 6
অ্যালার্জি 6
উকুন 6
যোগাযোগ 7
পাঠ্যক্রম 7
ফিল্ড ট্রিপ........ 8
লাঞ্চ 8
স্ন্যাক্স 8
জন্মদিন উদযাপন........8
আফটার স্কুল প্রোগ্রাম 9
প্যারেন্ট টিচার কনফারেন্স........ 9
রিপোর্ট কার্ড 9
প্রগ্রেস রিপোর্ট 9
আপনার সন্তানকে সহায়তাদানের উপায়সমূহ........ 10
NYC অ্যাকাউন্টস্ 10
আলোকচিত্রের জন্য দায়মুক্তি 10
সেল ফোন নীতি 10
সোশ্যাল মিডিয়া 11
নিরাপত্তা 11
প্রতিক্রিয়ার সাধারণ রীতি-নীতি........ 11
শৃঙ্খলা বিধি 11
খেলনা ও অন্যান্য সামগ্রী........ 11
লস্ট অ্যান্ড ফাউন্ড........ 12
স্কুল লিডারশিপ টিম ও প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন........ 12
স্টাফদের সাথে যোগাযোগ........ 12

প্রিন্সিপ্যালের বার্তা

নতুন স্কুল বছরে PS 230-এ স্বাগতম! আপনি পিএস 230 কম্যুনিটিতে নতুন অথবা ফেরত আসা শিক্ষার্থী যাই হোন না কেন, আমরা এই প্যারেন্ট হ্যান্ডবুকটি তৈরি করেছি একটি উপকরণ হিসেবে যাতে আপনার সন্তানের শিক্ষা-বিষয়ক অভিজ্ঞতায় আমাদের অংশীদার হতে এটি আপনার জন্য সহায়ক হয়। আমরা এমন একটি কম্যুনিটি তৈরিতে সচেষ্ট যেখানে শিক্ষার্থীরা নিজেদের ব্যক্তিক চাহিদা পূরণ করে স্ব-পরিচালিত, আনন্দময় এবং স্বনির্ভর শিক্ষার্থী হয়ে উঠতে পারে। আমাদের লক্ষ্য হলো বিদ্যানুরাগ সৃষ্টি করা এবং আমরা আপনাদের সঙ্গে নিয়ে কাজ করবো যাতে আপনার সন্তানকে একজন স্বাধীন ও শক্তিশালী পাঠকে পরিণত করার লক্ষ্য স্থির করতে পারি। শিক্ষার্থীরা যখন প্রত্যেকে শিক্ষা অর্জনের সাফল্য লাভে সচেষ্ট তখন পিএস 230-এর কর্মীগণ তাদের সহায়তা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। আপনার সহায়তা নিশ্চিত করে যে, আমরা প্রতিটি দিনকে যথাসম্ভব কার্যকর এবং সহায়ক করে তুলতে পারি। আমাদের পিএস 230 প্যারেন্ট হ্যান্ডবুক প্রাসঙ্গিক নীতি, সূচি এবং রুটিন যা আমাদের কম্যুনিটিকে পরিচালিত করে সেসবের গাইড হিসেবে কাজ করে। অন্য যে হালনাগাদ তথ্য সূত্র রয়েছে সেটি হলো www.ps230.org সাইট। আমাদের সাইটে আপনি কর্মীদের সাথে যোগাযোগ, সর্বশেষ সংবাদ এবং তথ্য লাভ, পাঠ্যক্রম এবং বিশেষ কর্মসূচি সম্পর্কে জানতে সক্ষম হবেন। আমি আমাদের কম্যুনিটি অনুষ্ঠান এবং প্যারেন্ট মিটিংয়ে আপনার সাথে মিলিত হবার প্রত্যাশায় আছি! যেকোন প্রশ্ন থাকলে আপনি আমার সাথে MDellaRagione@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করতে পারেন।

বিনীত,

উদ্দেশ্য সম্পর্কিত বিবৃতি

আমাদের লক্ষ্য হলো একটি স্ব-নির্দেশিত, স্বাধীন চিন্তক শিক্ষার্থী গড়ে তোলা যারা আমাদের স্থানীয় ও বৈশ্বিক কম্যুনিটির সদস্য হিসেবে বেড়ে উঠবে। আমাদের অনন্য কম্যুনিটি সামাজিক ও মানবিক দিক দিয়ে একটি সুরক্ষিত পরিবেশ গঠনের জন্য একমসাথে কাজ করে। এটি ছেলেমেয়েদেরকে তাদের শিক্ষায় ঝুঁকি গ্রহণের জন্য আত্মপ্রত্যয়ী হওয়ার সক্ষমতা দেয়। আমাদের বিশ্বাসের কেন্দ্রে রয়েছে ছেলেমেয়েদের ব্যক্তিগত চাহিদার প্রতি যৌথ মর্যাদাবোধ। ব্যক্তিক শিক্ষণ বৈশিষ্ট্য ও আগ্রহকে মানভিত্তিক পাঠক্রমে লালন কনা হয় যা আমাদের শিক্ষার্থীদের জ্ঞানের উপর ভিত্তি করে প্রতিনিয়ত বিবর্তিত হচ্ছে। পেশাদারদের সহযোগিতা অনুসন্ধিৎসাকে লালন করে যাতে শিল্পকলা ও বিজ্ঞান শিক্ষা সম্পর্কে আমাদের ধারণা সমৃদ্ধ হয়। আমাদের লক্ষ্য শিক্ষার্থীরা যেনো তাদের শিক্ষাজীবনের অগ্রযাত্রায় PS 230-তে সাংস্কৃতিক বিনিময়ের মাধ্যমে বৈচিত্র্যের প্রতি সকৃতজ্ঞ ও শ্রদ্ধাশীল দৃষ্টিভঙ্গী অব্যাহত রাখে।

PS 230 স্কুলের মানদণ্ডসমূহ

আপনার সন্তানের মনোঃসামাজিক সুস্থতা বজায় রাখায় সহায়তার জন্য আমরা জবাবদিহিমূলক ক্লাসরুম, মনের স্বভাব ও এ মাসের বই (রেসপনসিভ ক্লাসরুম, হ্যাবিটস্ অভ মাইন্ড ও বুকস্ অব দা মান্থ)-এর সাহায্য নিয়ে মানদণ্ড ও প্রত্যাশা স্থির করেছি। আমরা সার্বিকভাবে ছেলেমেয়ের প্রাতিষ্ঠানিক ও সামাজিক, উভয় দিকে সহায়তা দিতে প্রতিশ্রুতিবদ্ধ। একটি স্কুল হিসেবে প্রতি মাসে আমরা সহমর্মিতা, দলগত কাজ ও অধ্যবসায়ের মতো কোন ইতিবাচক বৈশিষ্ট্য বা গুণের প্রতি অভিনিবেশ প্রদান করবো। তদুপরি ফ্যামেলি নিউজলেটারে এসব বৈশিষ্ট্য বা গুণের উল্লেখ থাকবে।

আমরা স্কুল কম্যুনিটি হিসেবে যেসব মানদণ্ড প্রতিষ্ঠা করেছি ও শিক্ষার্থীরা প্রতিপালন করবে বলে প্রত্যাশা করি, সেগুলো নিচে দেওয়া হলো:

1. নিরাপদ, দায়িত্বশীল এবং শেখার জন্য প্রস্তুত থাকতে সর্বোচ্চ চেষ্টা করবে
2. কথা ও কাজ দিয়ে মর্যাদা অর্জন করবে ও মর্যাদা দিবে
3. আমাদের স্কুলকে নিরাপদ, পরিচ্ছন্ন , ও প্রাকৃতিক পরিবেশ বজায় রাখবে!

স্কুলের সময়তালিকা

স্কুলের দিন শুরু হয় 8:20 A.M-এ এবং শেষ হয় 2:40 P.M-এ। সকল শিক্ষার্থী ফ্রি ব্রেকফাস্টের যোগ্য। 7:45 a.m.-এ নাস্তা পরিবেশন করা হবে। আপনার সন্তানের নিরাপত্তা নিশ্চিত করতে, 7:45 মিনিটে দরজা খোলার আগে সন্তানকে স্কুলে দিয়ে যাবেন না। আপনার সন্তান যদি স্কুলে নাস্তা না করে, তাহলে নিশ্চিত করবেন যে, সে যেন স্কুলে আসার আগে বাড়িতে পুষ্টিকর খাবার খায়। অর্ধ দিবস স্কুলের দিন ছুটি হবে 11:40 A.M-এ। নিয়মিত একই ছুটির প্রক্রিয়া অনুসরণ করা হবে। সকল শিক্ষার্থী ছুটির আগে লাঞ্চ খেয়ে যাবে।

লস্ট অ্যান্ড ফাউন্ড

আপনার সন্তানের প্রথম এবং শেষ নামসহ অনুগ্রহ করে তার পোশাক, লাঞ্চ বক্স, এবং ব্যক্তিগত জিনিসগুলিতে লেবেল লাগিয়ে দিন। যেকোন পাওয়া জিনিস লোয়ার স্কুলের বেসমেন্ট লেভেলের মেইন সিঁড়িঘরের পাশে এবং আপার স্কুলের দ্বিতীয় তলার রুম 201-এর বাইরে অবস্থিত লস্ট অ্যান্ড ফাউন্ড বিনে রাখা থাকবে। হারিয়ে যাওয়া জিনিসপত্রের জন্য অনুগ্রহ করে এই জায়গাগুলিতে নিয়মিত খোঁজ করুন। সকল লস্ট অ্যান্ড ফাউন্ডের জিনিস যেগুলির কোন দাবিদার নেই, সেগুলি নিয়মিত স্থানীয় দাতব্য প্রতিষ্ঠানে দান হিসেবে যাবে।

স্কুল লিডারশিপ টিম (SLT)

এসএলটি-র উদ্দেশ্য স্কুল-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ। এটি একটি ফোরাম যেখানে পিতামাতা, প্রশাসন, ও স্টাফ নিয়মিত যোগাযোগ ও ধারণা বিনিময়ের সুযোগ লাভ করেন। নিচে এই বছরের এসএলটি মিটিংয়ের সম্ভাব্য তারিখগুলি দেয়া হলো:

24 সেপ্টেম্বর, 2019	28 জানুয়ারি, 2020	26 মে, 2020
29 অক্টোবর, 2019	25 ফেব্রুয়ারি, 2020	16 জুন, 2020
26 নভেম্বর, 2019	31 মার্চ, 2020	
17 ডিসেম্বর, 2019	28 এপ্রিল, 2020	

প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন (PTA)

প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন (PTA)গঠিত হয় প্যারেন্ট স্বেচ্ছাকর্মী, টিচার, প্রশাসক, এবং আমাদের স্কুলের সহায়ক কর্মীদের সহযোগিতায়। আমাদের স্কুল কম্যুনিটিকে আরও শক্তিশালীকরণ এবং আমাদের শিক্ষার্থীদের সর্বোত্তম সেবা প্রদানের লক্ষ্যে অংশগ্রহণকে দারুনভাবে উৎসাহিত করা হয়। নিচে এই বছরের পিটিএ মিটিংয়ের সম্ভাব্য তারিখগুলি দেয়া হলো:

12 সেপ্টেম্বর, 2019	16 জানুয়ারি, 2020	21 মে, 2020
17 অক্টোবর, 2019	13 ফেব্রুয়ারি, 2020	11 জুন, 2020
7 নভেম্বর, 2019	19 মার্চ, 2020	
12 ডিসেম্বর, 2018	30 এপ্রিল, 2020	

স্টাফদের সাথে যোগাযোগ

নাম	পদবি	ইমেইল/ফোন নম্বর
মারিয়া ডেলা রেজিওনে (Maria Della Ragione)	প্রিন্সিপ্যাল	mdellaragione @schools.nyc.gov
ক্যাথলিন (Kathleen Drain)	আপার স্কুল অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল	kdrain@schools.nyc.gov
ম্যারি জ্যাকব-অ্যালেক্স (Mary Jacob-Alex)	লোয়ার স্কুল অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল	mjacobalex @schools.nyc.gov
ওয়ান্ডা আচেভেডো (Wanda Acevedo)	লোয়ার স্কুল অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল	wacevedo @schools.nyc.gov
জিল রাইনার (Jill Reinier)	প্যারেন্ট কোঅর্ডিনেটর	jreinier@schools.nyc.gov (718) 437-6135 x 2010
ম্যারিয়ান হিগার্টি (Maryann Hegarty)	পিউপল অ্যাকাউন্ট সেক্রেটারি	(718) 437-6135 x 2570
এমেলি মিলবাওয়ের (Emily Milbouer)	বাস কোঅর্ডিনেটর	(718) 330-9212
আনসেলম স্ক্রাব (Anselm Scrubb)	গাইডেন্স কাউন্সেলর	ascrubb@schools.nyc.gov
লিসা ব্র্যাডলি (Lisa Bradley)	স্পেশাল এডুকেশন কোঅর্ডিনেটর	lbradley@schools.nyc.gov
আইরিন জোসেফ (Irene Joseph)	আপার স্কুল নার্স	(718) 437-6135 x 2630
মিরনা পিঙ্কস (Myrna Pinks)	লোয়ার স্কুল নার্স	(718) 330-9212

সোশ্যাল মিডিয়া

পরিবারের আজকাল একটি নতুন ভূমিকা রয়েছে: ছেলেমেয়েরা যখন সোশ্যাল মিডিয়া ব্যবহার করে, হোক সেটা বিনোদন বা শিক্ষাগত প্রয়োজনে, তাদের নিরাপদ ও দায়িত্বশীলতার সাথে আচরণ করতে সহায়তা দেওয়া। স্টুডেন্ট সোশ্যাল মিডিয়া গাইডলাইন পাঁচটি বিষয়ের উপর অভিনিবেশ প্রদান করে: সোশ্যাল মিডিয়ার সংজ্ঞাদান, আপনি যেমন চান তেমন ডিজিটাল ইমেজ তৈরি করুন, দায়িত্বশীলভাবে পোস্ট করুন, পরিণতি বিবেচনায় রাখুন, এবং সাইবারবুলিইংয়ের হুমকিসমূহকে গুরুত্ব সহকারে আমলে নিন। আরও তথ্যের জন্য অনুগ্রহ করেhttp:schools.nyc.gov/RulesPolicies/SocialMedia/parentsfamilies/default.htm সাইট দেখুন।

নিরাপত্তা

সকল শিক্ষার্থীর সুরক্ষা ও নিরাপত্তা আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় বলে বিবেচিত। স্কুলে প্রবেশের পর, আপনাকে অবশ্যই মেইন গেট ব্যবহার করতে হবে এবং সেফটি এজেন্টকে একটি বৈধ ফটো আইডি (যেমন ড্রাইভারস্ লাইসেন্স অথবা পাসপোর্ট) দেখাতে হবে। সাইন-ইন করার পর, সেফটি এজেন্ট আপনাকে একটি ভিজিটর পাস স্টিকার দেবেন, যা বিল্ডিংয়ে থাকাকালে আপনাকে সবসময় পরে থাকতে হবে। অন্য কিছু না বলা হলে, আপনাকে অবশ্যই সরাসরি মেইন অফিসে যেতে হবে। আপনার যদি কোন শিক্ষকের সাথে সূচিভুক্ত অ্যাপয়েন্টমেন্ট থাকে, মেইন অফিস থেকে শিক্ষককে আপনার উপস্থিতি সম্পর্কে জানানো হবে।

প্রতিক্রিয়ার সাধারণ রীতি-নীতি

আমাদের স্কুলের একটি বিল্ডিং রেসপন্স টিম রয়েছে যেটি আমাদের স্কুলে সংঘটিত বিভিন্ন ধরনের ঘটনা ঘটলেই সাথে সাথে সাড়া দেওয়ার জন্য প্রশিক্ষিত। নতুন জেনারেল রেসপন্স প্রটোকল (GRP) অনুযায়ী, সকল স্কুল কম্যুনিটিকে জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুত করায় সহযোগিতা করার জন্য তৈরি মহড়ায় অংশগ্রহণ করতে যাতে তারা নিচের তিনটি ভিন্ন ধরনের সম্ভাব্য জরুরি পরিস্থিতি মোকাবেলা করতে পারে: মূল্যায়ন, শেল্টার-ইন এবং লকডাউন। আমাদের স্কুল-ভিত্তিক জরুরি অবস্থায় প্রস্তুতির কর্মসূচি এসএলটি মিটিংয়ে আলোচিত হয়। পরিবারবর্গ অন্যান্য আরো অনেক গুরুত্বপূর্ণ তথ্য পাবেন http://schools.nyc.gov/Offices/OSYD/ সাইট থেকে।

শৃঙ্খলা বিধি

সকল শিক্ষার্থী একটি নিরাপদ, সহায়ক এবং অন্তর্ভুক্তিমূলক স্কুলের পরিবেশ পাচ্ছে, সেটা নিশ্চিতকরণ আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার। যার উপর ভিত্তি করে শিক্ষার্থীরা বেড়ে উঠতে ও অগ্রসর হতে পারে, এমন একটি শক্তিশালী ভিত্তি গড়ে তোলার জন্য বর্তমানে সকল NYC পাবলিক স্কুল একটি হালনাগাদকৃত 'সিটিওয়াইড বিহেভিয়রাল এক্সপেকটেশন্স টু সাপোর্ট স্টুডেন্ট লার্নিং' (ডিসিপ্লিন কোড বা আচরণবিধি) ব্যবহার করেছে। দশটি ভাষায় পূর্ণাঙ্গ শৃঙ্খলা বিধি পাওয়া যাবে schools.nyc.gov/RulesPolicies/DisciplineCode/ ওয়েবসাইটে। একটি কাগজে ছাপা কপি পাওয়া যাবে আপার স্কুলে 201 নম্বর কামরায়।

খেলনা ও অন্যান্য সামগ্রী

শিক্ষার্থীরা স্কুলে কোন খেলনা অথবা ব্যক্তিগত জিনিসপত্র আনবে না। আমরা এইসব জিনিসের জন্য দায়ী থাকবো না এবং এগুলি শিক্ষণ পরিবেশকে বিঘ্নিত করে।

লোয়ার স্কুলে আগমন/ছুটির প্রক্রিয়া

আসার সময়

প্রি-K শিক্ষার্থীদেরকে প্রতিদিন তাদের পরিবার ক্লাসে নিয়ে আসবেন। প্রি-K পরিবারগুলো সকাল **8:25** মিনিটে স্কুল ভবনে প্রবেশের সময় হওয়া পর্যন্ত স্কুলের ভেতরের দিকে এগিয়ে রেম্প-এর সামনে অপেক্ষা করবেন।

আত্মনির্ভরশীলতা বৃদ্ধির জন্য প্রথম গ্রেডের শিক্ষার্থীদেরকে স্কুল শুরুর দ্বিতীয় দিন থেকে নিজে নিজে স্কুল ভবনে প্রবেশ শুরু করতে হবে। কিন্ডারগার্টেনের শিক্ষার্থীরা ভবনে নিজে নিজে প্রবেশ করতে শুরু করবে স্কুল শুরুর দ্বিতীয় সপ্তাহের দিকে। অনুগ্রহ করে সামনের গেট থেকে সন্তানকে বিদায় জানাবেন। স্টাফ বাইরে আপনার সন্তানের জন্য অপেক্ষমান থাকবেন এবং 7:45 A.M-টা থেকে ছেলেমেয়েদেকে ভবনের ভেতরে নিয়ে যাবেন।

ছুটির সময়

প্রি-K পরিবারসমূহ তাদের প্রি-K পরিচিতি কার্ড নিয়ে রেম্প-এর কাছাকাছি লাইন করে দাঁড়াবেন। আপনি আপনার সন্তানকে নিতে সরাসরি তার ক্লাসরুমে চলে যাবেন।

কিন্ডারগার্টেন এবং 1 গ্রেডের পরিবারবর্গ বিল্ডিংয়ের সামনের রাম্পে লাইন আপ করবে। নির্দেশিত হলে, পরিবারগুলি সিঁড়ি দিয়ে নেমে বেসমেন্টে যাবে। সকল শিক্ষার্থী তাদের ক্লাসরুম শিক্ষকদের সাথে তাদের পরিবারের জন্য অপেক্ষা করবে। কিন্ডারগার্টেনের শিক্ষার্থীরা জিমে থাকবে। প্রথম গ্রেডের শিক্ষার্থীরা থাকবে ক্যাফেটেরিয়ায়।

আপার স্কুলে আগমন/ছুটির প্রক্রিয়া

নিয়মিত দিনে আগমন

সকল শিক্ষার্থী স্কুল-প্রঙ্গণ দিয়ে প্রবেশ করবে এবং 8:10 এবং 8:20 A.M-টার মধ্যে তাদের ক্লাসে লাইন-আপ জায়গায় রিপোর্ট করবে।

বৃষ্টি এবং বরফের দিনে আগমন

সকল শিক্ষার্থী Albemarle Road-এর মেইন প্রবেশপথ দিয়ে প্রবেশ করবে এবং নিচে উল্লিখিত স্থানগুলোতে রিপোর্ট করবে:

- 2 গ্রেডের শিক্ষার্থীরা অডিটোরিয়ামে রিপোর্ট করবে।
- 4 গ্রেডের শিক্ষার্থীরা ক্যাফেটেরিয়ায় রিপোর্ট করবে।
- 3 এবং 5 গ্রেডের শিক্ষার্থীরা জিমে রিপোর্ট করবে।

নিয়মিত দিনে ছুটির প্রক্রিয়া

সকল শিক্ষার্থী তাদের নির্ধারিত বের হবার পথ দিয়ে স্কুল বিল্ডিং থেকে বের হবে। পরিবারগুলি তাদের সন্তানদের সাথে নিচের উল্লিখিত জায়গায় মিলিত হবে:

- 2 গ্রেডের শিক্ষার্থীদের ছুটি হবে স্কুল-প্রাঙ্গণ দিয়ে।
- 3 গ্রেডের শিক্ষার্থীদের ছুটি হবে বাস্কেটবল কোর্ট দিয়ে।
- 4 গ্রেডের শিক্ষার্থীদের ছুটি হবে Dahill Road-এ বের হবার পথ দিয়ে।
- 5 গ্রেডের শিক্ষার্থীদের ছুটি হবে McDonald Avenue-এ বের হবার পথ দিয়ে।

বৃষ্টি এবং বরফের দিনে

যদি হালকা বৃষ্টি (ড্রিজলিং) অথবা হালকা বরফ (ফ্লারিস)পড়ে, শিক্ষার্থী নিয়মিত ছুটির প্রক্রিয়া অনুসরণ করবে। খুব বেশি বৃষ্টি অথবা বরফ পড়লে, নিচের প্রক্রিয়া কার্যকর হবে:

- 2 গ্রেডের শিক্ষার্থীদের ছুটি হবে অডিটোরিয়াম থেকে। পরিবারবর্গ পিছনের কোর্টইয়ার্ডের দরজা দিয়ে প্রবেশ করবে।
- 3 গ্রেডের শিক্ষার্থীদের ছুটি হবে ক্যাফেটেরিয়া থেকে। পরিবারগুলি কোর্টইয়ার্ডের দরজা দিয়ে প্রবেশ করবে যা সরাসরি ক্যাফেটেরিয়ায় নিয়ে যায়।
- 4 গ্রেডের শিক্ষার্থীদের নিয়মিত ছুটি হবে Dahill Road-এ বের হবার পথ দিয়ে।
- 5 গ্রেডের শিক্ষার্থীদের নিয়মিত ছুটি হবে McDonald Avenue-এ বের হবার পথ দিয়ে।

অনুগ্রহ করে আপনার সন্তানকে তার ক্লাসের লাইন থেকে টেনে আনবেন না। নিরাপত্তার কারণে, প্রত্যেক শিক্ষার্থীকে তার শিক্ষক আনুষ্ঠানিকভাবে বিদায় জানানো পর্যন্ত, আপনার সন্তান তার ক্লাসের সাথে থাকুক সেবিষয়টি গুরুত্বপূর্ণ।

ব্লু কার্ড ও পারপল রিলিজ ফরম

আমাদের সকল শিক্ষার্থীর সুরক্ষা এবং নিরাপত্তা নিশ্চিতকরণে, ব্লু কার্ড এবং পারপল রিলিজ ফরম সম্পূর্ণভাবে পূরণ করার বিষয়টি জরুরি। যদি কোন পরিবর্তন থাকে, মেইন অফিসের এইসব ডকুমেন্ট হালনাগাদকরণ আবশ্যিক। এইসব ফরমের কিছু তথ্য হলো নতুন ফোন নম্বর, ঠিকানা, এবং ব্যক্তিদের নাম যারা আপনার সন্তানকে স্কুল থেকে নেয়ার জন্য অনুমতি প্রাপ্ত। অনুগ্রহ করে লক্ষ্য করুন আমরা এমন কারো কাছে কোন শিক্ষার্থীকে ছাড়বো না যারা এইসব ডকুমেন্টে তালিকাভুক্ত নয়।

অনুপস্থিতি

সফল স্কুল বছরের জন্য প্রতিদিনের উপস্থিতি জরুরি। আপনার সন্তান যদি অসুস্থ হয়, অনুগ্রহ করে ডাক্তারের নোট অথবা যেদিন সে স্কুলে ফিরবে সেদিন তার সাথে একটি লিখিত নোট দিয়ে পাঠাবেন। আপনি যদি আগে থেকে জানেন আপনার সন্তান স্কুলে অনুপস্থিত থাকবে, অনুগ্রহ করে মেইন অফিসে অথবা আপনার সন্তানের শিক্ষককে জানিয়ে দিন। তিনটি অনুপস্থিতির পর, আপনার সন্তানের শিক্ষক বাড়িতে ফোন করবেন। যদি অনুপস্থিতি অব্যাহত থাকে, প্রশাসনের সাথে একটি মিটিংযের আয়োজন হবে অথবা আমাদের ডিস্ট্রিক্ট অ্যাটেনডেন্স টিচার শিক্ষার্থীর বাড়িতে যাবেন। অনুগ্রহ করে পারিবারিক ছুটির সূচিসমূহ স্কুল যখন বন্ধ থাকে তখন করার ব্যাপারটি নিশ্চিত করুন যাতে আপনার সন্তানের শিক্ষা বিঘ্নিত না হয়। কোন শিক্ষার্থীর উপস্থিতির হার যদি 90% কম থাকে, সে প্রোমোশনের যোগ্য নাও হতে পারে।

দেরিতে উপস্থিতি

আমাদের ক্লাসরুমে দিনের শুরুর ব্যাপারটি একটি গুরুত্বপূর্ণ সময়। আপনার সন্তানের স্কুলে সময়মতো উপস্থিত থাকা আবশ্যিক। আমাদের দিন শুরু হয় 8:20 A.M-এ, সুতরাং আপনার সন্তানের লাইন আপ জায়গায় থাকতে হবে 8:10 এবং 8:20 A.M-টার মাঝে। ঠিক 8:20 A.M-টায় শিক্ষার্থীরা তাদের ক্লাসরুমে যায়।

যেসব শিক্ষার্থী 8:20 A.M-টার পরে আসে, তারা 'লেট পাস' পাবে। এই ল্যামিনেটেড পাসটি তারা যখন বিল্ডিংযে প্রবেশ করে তখন তাদের হাতে দেয়া হয়। ক্লাসরুম শিক্ষক প্রতিটি দেরিতে উপস্থিতির দিনের রেকর্ড রাখবেন।

- **10টি রেকর্ডকৃত দেরিতে উপস্থিতির পর:** আপনি দেরিতে উপস্থিতির সংখ্যা উল্লিখিত একটি চিঠি পাবেন।
- **15টি রেকর্ডকৃত দেরিতে উপস্থিতির পর:** আপনাকে অবশ্যই আপনার শিক্ষক এবং প্রশাসনের একজন সদস্যের সাথে মিলিত হতে হবে।
- **20টি রেকর্ডকৃত দেরিতে উপস্থিতির পর:** ডিস্ট্রিক্ট অ্যাটেডেন্স টিচার বাড়ি পরিদর্শন করবেন। এছাড়া প্রিন্সিপ্যালের সাথে একটি ফলো-আপ মিটিংও হবে।

আমরা বুঝি অনিয়ন্ত্রিত পরিস্থিতিতে, যেমন বাসের দেরি হওয়া এবং আবহাওয়াজনিত অবস্থা, দেরিতে উপস্থিতির কারণ হতে পারে। এইসব পরিস্থিতির জন্য শিক্ষার্থীদের দেরিতে উপস্থিতির রেকর্ড করা হবে না। অনুগ্রহ করে নিশ্চিত করুন, আপনার সন্তান সময়মতো উপস্থিত থাকে যাতে তার প্রতিদিনের শিক্ষার সর্বোচ্চ সুযোগ সে নিতে পারে।

আপনার সন্তানকে সহায়তাদানের উপায়সমূহ

আপনার সন্তানের একটি সফল অ্যাকাডেমিক বছর নিশ্চিত করতে, আমাদের একসাথে কাজ করা এবং বাড়ি-স্কুলের মাঝে একটি অংশীদারত্ব গড়ে তোলা গুরুত্বপূর্ণ। নিচে কিছু উপায় দেয়া হলো যা দিয়ে আপনি আপনার সন্তানকে একটি দারুণ বছরের সহায়তা করতে পারেন।

- ঘুমের সময়ের রুটিনসমূহ – আপনার সন্তানের প্রতিরাতে ৪-12 ঘণ্টা ঘুম হয়েছে সেবিষয়টি নিশ্চিত করুন। যখন কোন শিশু পর্যাপ্ত রেস্ট পায়, সে স্কুলে ভালো করতে সক্ষম থাকে।
- হোমওয়ার্ক – আমরা প্রত্যাশা করি শিক্ষার্থীরা যেন তাদের অধিকাংশ হোমওয়ার্ক নিজেই করতে সক্ষম হয়।

NYC স্কুলস্ অ্যাকাউন্ট

একটি NYC Schools অ্যাকাউন্ট ব্যবহার করে আপনি স্কুলে আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কিত প্রধান তথ্য আপনি দেখতে সক্ষম হবেন, এর মধ্যে আছে দশটি ভাষার একটিতে আপনার কমপিউটারে, ফোনে অথবা ট্যাবলেটে উপস্থিতি, রিপোর্ট কার্ড গ্রেড, সাধারণ স্কুল তথ্য এবং টেস্ট স্কোর (নতুন) জানা। অ্যাকাউন্ট সেট-আপ করতে, https://mystudent.nyc. সাইটে যান। আপনার যদি সহায়তার প্রয়োজন পড়ে, আমাদের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

ফটো প্রকাশ

ফটো প্রকাশের ফরম ব্যাকপ্যাক মেইলের মাধ্যমে স্কুলের প্রথম সপ্তাহে বিতরণ করা হয়। আমাদের অনুরোধ আপনি আপনার সন্তানের ছবি প্রিন্ট অথবা ইলেক্ট্রনিকভাবে প্রকাশের অনুমতি প্রদান করে ফরমটি ফেরত দিন। অনুগ্রহ করে জেনে রাখুন যে, DOE-র প্রবিধান মোতাবেক শিক্ষার্থীদের নাম কখনই ওয়েবসাইট অথবা কোন প্রকাশনায় ব্যবহার করা হবে না।

সেল ফোন নীতি

P.S 230-এর সেল ফোন নীতি নিম্নরূপ:

- স্কুলে ঢোকার আগে সেল ফোন অবশ্যই বন্ধ এবং সেটি ব্যাকপ্যাকে রাখতে হবে।
- স্কুল দিবসে কখনই সেল ফোন ব্যবহার করা নাও যেতে পারে।
- জরুরি পরিস্থিতির ক্ষেত্রে, আপনি স্কুলের অফিসে ফোন করতে পারেন এবং আমরা বার্তাটি পৌঁছে দেব। স্কুলের সময়ে অনুগ্রহ করে আপনার সন্তানের সেল ফোনে কল অথবা টেক্সট করবেন না।
- আপনার সন্তান যদি স্কুলের দিনে ফোন ব্যবহার করে, তার ফোন বাজেয়াপ্ত করা হবে এবং দিনের শেষে সে সেটি অফিস থেকে সংগ্রহ করতে পারবে। যদি ঘটনাটি আবারও ঘটে, তাহলে স্কুল থেকে সেটি নিতে পিতামাতাকে আসতে হবে।

আফটার স্কুল প্রোগ্রাম

আমরা বছরব্যাপী বিভিন্ন ধরনের শিক্ষা এবং সমৃদ্ধির আফটারস্কুল কর্মসূচি প্রদান করি। আপনার সন্তানকে অংশগ্রহণে আমন্ত্রণ জানিয়ে বাড়িতে ফ্লায়ার পাঠানো হবে। যেহেতু আসন সীমিত, অনুগ্রহ করে তড়িৎ জবাব দিয়ে সেগুলি পাঠিয়ে দেবেন। বছরব্যাপী নতুন কর্মসূচি সম্পর্কে জানতে, অনুগ্রহ করে www.ps230.org সাইট দেখুন।

এছাড়া, আমরা কর্মরত পরিবারসমূহ এবং শিক্ষার্থীদের সম্প্রসারিত সময়ের কভারেজ দিতে 'রাইট অ্যাট স্কুল'-এর সাথে অংশীদারত্ব করি। আরও তথ্যের জন্য, https://rightatschool.com/ps-230-brooklyn-school/ দেখুন।

প্যারেন্ট-টিচার কনফারেন্স

প্যারেন্ট-টিচার কনফারেন্সগুলি এমন এক সুযোগ যার মাধ্যমে আপনার সন্তানের অ্যাকাডেমিক অগ্রগতি সম্পর্কে জানতে আপনি তার শিক্ষকের সাথে কথা বলতে পারেন। বছরে চারটি সিটি-ওয়াইড প্যারেন্ট-টিচার অনুষ্ঠানের আয়োজন করা হয় – সেপ্টেম্বরে, নভেম্বরে, মার্চে, এবং মে-তে। প্রয়োজনবোধে, বাড়তি সুযোগের আয়োজনও করা যেতে পারে।

রিপোর্ট কার্ড

K-5 গ্রেডের শিক্ষার্থীদের জন্য পরিবারগুলির কাছে প্রতি বছর দুই অথবা তিন বার লিখিত রিপোর্ট কার্ড বাড়িতে যায়। এই রিপোর্টগুলিতে আপনার সন্তানের অগ্রগতির বিবরণ থাকে।
কিন্ডারগার্টেন: জানুয়ারি এবং জুন
1-5 গ্রেড: নভেম্বর, মার্চ ও জুন

প্রগ্রেস রিপোর্ট

স্কুল বছরব্যাপী, আপনার সন্তানকে সকল অ্যাকাডেমিক বিষয়ে তার শিক্ষক মূল্যায়ন করেন। আপনি এই তথ্য কয়েকটি পর্যায়ে পাবেন।

অসুস্থতা

আপনার সন্তান যদি অসুস্থ থাকে, অনুগ্রহ করে তাকে স্কুলে পাঠাবেন না। তাকে স্কুলে পাঠানোর আগে ওষুধ ছাড়া সে 24 ঘণ্টা জ্বর-মুক্ত আছে কিনা তার জন্য অপেক্ষা করতে আমরা আপনাকে অনুরোধ জানাই। স্কুলে ফেরার আগে আপনার সন্তান সুস্থ-সবল আছে সেবিয়টি নিশ্চিত করুন। সে যদি কোন সংক্রামক রোগে অসুস্থ হয়, যেমন জল বসন্ত অথবা স্ট্রেপ থ্রোট, স্কুলে অবশ্যই জানাতে হবে। যেসব শিক্ষার্থী স্কুলে অসুস্থ হয়, তাদেরকে নার্স দেখবেন অথবা বাড়িতে পাঠিয়ে দেয়া হবে।

ওষুধ

শিক্ষার্থীরা কোন ওষুধ স্কুলে আনতে পারবে না। আপনার সন্তানের যদি ওষুধের প্রয়োজন থাকে, আপনাকে সরাসরি স্কুল নার্সের সাথে কথা বলতে হবে। স্কুল নার্স অবশ্যই সকল ওষুধ পরিচালনা করবেন, এর অন্তর্ভুক্ত ওভার দ্যা কাউন্টার ওষুধসমূহ, এবং ডিপার্টমেন্ট অভ এডুকেশন কর্তৃক অনুমোদিত শুধু কোন মেডিকেল অথোরাইজেশন ফরম; তার মধ্যে আছে ইনহেলার। আমাদের স্কুল নার্সের কাছে অথবা ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ওয়েবসাইট www.schools.nyc.gov-এ মেডিকেল অথোরাইজেশন ফরম পাওয়া যাবে।

অ্যালার্জি

আপনার সন্তানের যদি কোন কিছুতে অ্যালার্জি থাকে স্কুলে জানানো অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনাকে অবশ্যই স্কুল নার্স, ক্লাসরুম টিচার এবং মেইন অফিসে কথা বলতে হবে। আপনার সন্তানের যদি কোন অ্যালার্জি থাকে যার জন্য ওষুধ আবশ্যিক, যেমন বেনাড্রিল অথবা একটি এপি-পেন, আপনাকে অবশ্যই ওইসব ওষুধ সরবরাহ করতে হবে যাতে জরুরি পরিস্থিতিতে নার্স সেগুলি তাকে দিতে পারেন।

উকুন

উকুন মুক্ত পরিবেশ রক্ষার জন্য কোন শিক্ষার্থীকে যদি জীবন্ত উকুনসহ পাওয়া যায়, তাকে বাড়িতে পাঠিয়ে দেয়া হবে এবং আপনাকে অবশ্যই তার চিকিৎসার ব্যবস্থা করতে হবে। স্কুলে ফেরার আগে শিক্ষার্থীরা উকুন মুক্ত হোক সেবিষয়টি নিশ্চিত করা ডিপার্টমেন্ট অভ এডুকেশনের জন্য বাধ্যতামূলক। ফিরে আসার পর, আপনার সন্তানকে প্যারেন্ট কোঅর্ডিনেটর পুনরায় যাচাই করবেন তাকে স্কুলে ফেরত নেয়া যাবে কিনা।

যোগাযোগ

শিক্ষার্থীদের সাফল্য নিশ্চিতকরণে বাড়ি-স্কুলের যোগাযোগ একটি গুরুত্বপূর্ণ উপকরণ। আমরা যোগাযোগ করবো নিম্নলিখিত উপায়সমূহে:

- ব্লু হোমওয়ার্ক ফোল্ডার: সেপ্টেম্বরে প্রত্যেক শিক্ষার্থী একটি ব্লু ফোল্ডার পাবে। অনুগ্রহ করে প্রতিদিন আপনার সন্তানের ফোল্ডার চেক করুন এবং সকল ফরম এবং নোটিস দ্রুত ফেরত পাঠান।
- মাসিক পারিবারিক চিঠি এবং ক্যালেন্ডার: পারিবারিক চিঠি এবং ক্যালেন্ডার আপনাকে আগামীর অনুষ্ঠান সম্পর্কে সজ্ঞাত রাখবে। এছাড়া, আপনার সন্তানের শিক্ষক বাড়িতে একটি নিউজলেটার পাঠাবেন যেখানে আপনার সন্তান ওই মাসে কী শিখছে তার ব্যাখ্যা থাকবে।
- ইমেইল: আমাদের প্যারেন্ট কোঅর্ডিনেটরের কাছ থেকে ইমেইলের মাধ্যমে প্রতি সপ্তাহে স্মারক এবং হালনাগাদ তথ্য থাকে। আপনি যদি পিএস 230-এর বিতরণের তালিকায় যুক্ত হতে আগ্রহী হন, আপনার সন্তানের নাম এবং গ্রেডসহ অনুগ্রহ করে jreinier@schools.nyc.gov ঠিকানায় একটি ইমেইল করুন।
- স্কুল ওয়েবসাইট: গুরুত্বপূর্ণ তথ্যসহ স্কুল ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হয়। হালনাগাদকৃত তথ্য, স্মারক, এবং রিসোর্সের জন্য অনুগ্রহ করে www.ps230.org সাইট দেখুন।
- স্কুল ম্যাসেঞ্জার: 4:00 P.M. এবং 8:00 P.M-টার মাঝে পরিবারগুলির কাছে মাঝে মাঝে ফোনে ম্যাসেজ পাঠানো হবে। এই পরিষেবাদানে রেজিস্ট্রেশনের সময় যে ফোন নম্বর দেয়া হয়েছিল সেটি ব্যবহার করা হবে। আপনার ফোন নম্বর যদি পরিবর্তিত হয়ে থাকে, অনুগ্রহ করে আপার স্কুলের মেইন অফিসে মিজ ম্যারিয়ান হেগার্টির কাছে হালনাগাদ করে নিন।

নিম্নলিখিত উপায়ে পরিবারগুলি স্কুলের সাথে যোগাযোগ করতে পারে:

- আপনি ইমেইল করতে পারেন: সকল শিক্ষকের ইমেইল www.ps230.org ঠিকানায় পাওয়া যাবে। শিক্ষকগণ 24-48 ঘণ্টার মধ্যে জবাব দেবেন।
- আপনি অ্যাপয়েন্টমেন্টও করতে পারেন। প্রতি মঙ্গলবারে 2:40 P.M.—3:55 P.M-টায় প্যারেন্ট এনগেজমেন্ট সময়ে অথবা দুপক্ষের অন্য কোন সম্মত সময়ে শিক্ষকদেরকে পাওয়া যাবে।
- আপনি ব্লু হোমওয়ার্ক ফোল্ডারে একটি নোটও পাঠাতে পারেন।
- আপনি মেইন অফিসে ফোন করে ম্যাসেজও রাখতে পারেন।

অনুগ্রহ করে জেনে রাখুন যে, শিক্ষাদানকালে, স্কুলে আগমন অথবা ছুটির সময়ে শিক্ষকগণ ফোন রিসিভ করতে, ইমেইলের উত্তর দিতে, অথবা পরিবারের সাথে মিলিত হতে পারেন না।

পাঠক্রম

আমরা প্রতিদিন আমাদের শিক্ষার্থীদেরকে একটি সমৃদ্ধ শিক্ষণ অভিজ্ঞতা প্রদান করি। আমাদের শিক্ষার্থীরা রিডিং, রাইটিং, গণিত, সমাজ পাঠ, এবং বিজ্ঞান বিষয়ে শিক্ষা লাভ করে। সকল শিক্ষার্থী অ্যাকাডেমিক সাফল্য অর্জন করতে সক্ষম হোক সেবিষয়টি নিশ্চিত করতে, কমন কোর লার্নিং মানের সাথে সমন্বিতভাবে, আমাদের শিক্ষকগণ বিভিন্ন পাঠ্যক্রমের রিসোর্স, যেমন টিচার্স কলেজ রিডিং অ্যান্ড রাইটিং প্রোজেক্ট (লিটারেসি) এবং ইনভেস্টিগেশন 3 (ম্যাথ) ব্যবহার করেন। অধিক তথ্য, সহায়ক লিংক, এবং বিভিন্ন রিসোর্সের জন্য অনুগ্রহ করে আমাদের স্কুল ওয়েবসাইট www.ps230.org দেখুন।

ফিল্ড ট্রিপ

বছর জুড়ে শিক্ষকগণ ফিল্ড ট্রিপের কর্মসূচি তৈরি করবেন। এগুলোর কিছু ট্রিপ হতে পারে আশেপাশের এলাকায় হেঁটে হেঁটে, অন্যগুলোতে গণপরিবহন ব্যবহার করা হতে পারে। শিক্ষকগণ সূচিভুক্ত ট্রিপের তারিখের আগে অনুমতিপত্র বাড়িতে পাঠাবেন। নির্ধারিত তারিখের মধ্যে আপনার সই করা অনুমতিপত্র সন্তানের শিক্ষকের কাছে জমা দেওয়া খুব জরুরি। যদি শিক্ষক স্বাক্ষরকৃত অনুমতির স্লিপ না পান, আপনার সন্তান তার ক্লাসের সাথে সফরে যেতে পারবে না এবং তাকে অন্য একটি ক্লাসরুমে থাকতে হবে।

লাঞ্চ এবং অবসর

শিক্ষার্থীদের জন্য প্রতিদিন 50-মিনিটের লাঞ্চ পিরিয়ড রয়েছে, যার অন্তর্ভুক্ত 25 মিনিটের অবসর। লোয়ার স্কুলে, শিক্ষার্থীরা ভিতরে খেলে। আপার স্কুলে, শিক্ষার্থীরা বাইরে খেলতে যায় (আবহাওয়া ভালো থাকলে) আবহাওয়া অনুযায়ী শিক্ষার্থীরা যথাযথভাবে পোশাক পরুক এবিষয়টি গুরুত্বপূর্ণ।

স্ন্যাক

মধ্য-সকাল অথবা মধ্য-বিকেলের স্ন্যাক আপনার গ্রেড স্তরের জন্য প্রাসঙ্গিক হলে, ক্লাসরুম শিক্ষকগণ বাড়িতে চিঠি পাঠাবে। পরামর্শকৃত পুষ্টিকর স্ন্যাকস্ হলো: ফলমূল, যেমন আপেলের টুকরো এবং আঙ্গুর, সবজি, যেমন সেলারি এবং গাজর, ক্র্যাকারস্ অথবা প্রেৎজেল।

জন্মদিন উদযাপন

ক্লাসরুম শিক্ষকগণ জন্মদিন উদযাপন নীতি সম্পর্কে আপনাকে অবহিত করবেন। এটি গ্রেড অনুযায়ী ভিন্ন হয়। শিক্ষক যাতে পরিকল্পনা গ্রহণের সুযোগ পান সেজন্যে সবসময় কমপক্ষে এক সপ্তাহ আগে আয়োজন করতে হবে। কাপকেক অথবা পৃথক পৃথকভাবে-মোড়ানো আইটেমগুলিকে অগ্রাধিকার দেয়া হয়। আপনি যদি পানীয় পাঠাতে চান, ছোট পানির বোতল অথবা জুসের বক্স পাঠালে ভালো হয়। প্রয়োজন মতো ন্যাপকিন এবং প্লেটও দেয়া যেতে পারে।